West Bengal Form No. 27

# FIRST INFORMATION REPORT

(Under Section 154 Cr. P.C.)

552

1. Dist. Darjeeling P.S. Siliguri Year 2021 FIR No. 552/21 Date 06.6.2021
2. (i) Act IPC Sections 341/323/506 (ii) Act ........ Sections ........
(iii) Act ........ Sections ........ R/W (iv) Others Acts & Sections 24 of Maintanance & Welfare of Parents & Sr. Citizen Act.
3. (a) Occurrence of Offence : Day ........ Date From Since 2013 Date To ........
Time Period ........ Time From Not mention Time To ........
(b) Information received at P.S. Date On 06/6/2021 Time 14.20 hrs.
(c) General Diary Reference : Entry No(s) 371 Time 14.20 hrs
4. Type of Information Written / Oral
5. Place of Occurrence : (a) Direction and Distance from P.S. ........ Beat No. ........
(b) Address South Bharat Nagar, Netaji Subash By lane PS- Siliguri, Dist- Darjeeling.
(c) In case outside limit of this Police Station, then the
Name of the P.S. ........ District ........
6. Complainant / Informant
(a) Name Smt. Rina Mandal
(b) Father's / Husband's Name W/o Lt. Bimal Kr. Mandal
(c) Date / Year of Birth ........ (d) Nationality Indian
(e) Passport No ........ Date of Issue ........ Place of Issue ........
(f) Occupation ........
(g) Address South Bharatnagar, Subash by lane, ward No-24, Ps-Siliguri Dist. Darjeeling.
7. Details of known / suspected / unknown accused with full particulars
(Attach separate sheet, if necessary) :
(i) Barnita Mandal @ Sarki w/o Rakesh Mandal of South Bharat Nagar, PS- Siliguri, Dist. Darjeeling.
8. Reasons for delay in reporting by the Complainant / Information
9. Particulars of properties stolen / involved (Attach separate sheet, if necessary) :
10. Total value of properties stolen / involved ........
11. Inquest Report / U.D. Case No., if any ........
12. FIR Contents (Attach separate sheets, if required) : The original written Complaint is treated as FIR which enclosed here with.
13. Action taken : Since the above report reveals commission of offence(s) as mentioned at item No. 2., registered the case and took up the investigation / directed ASI Samir Kr. Mandal of Siliguri PS investigation / refused investigation / transferred to P.S. Siliguri ........ to take up jurisdiction. FIR read over to the Complaint/ Informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant / Informant free of cost.
14. Signature / Thumb impression of the Complainant / Informant

[signature] 06/06/2021

Signature of the Officer-in-Charge, Police Station

Inspector-in-Charge, Siliguri Police Station, Siliguri Police Commissionerate

Name : ........

Rank : No. SI of Police

15. Date & Time of despatch to the court : On 07/6/2021 at 10.30 hrs

মাননীয় থানা অধীক্ষ্যক,
শিলিগুড়ি থানা,
শিলিগুড়ি।

তারিখঃ ০৫-০৬-২০২১

মহাশয়,

আমি, শ্রীমতী রীনা মন্ডল, স্বামী স্বর্গীয় বিমল কুমার মন্ডল, সাকিন - দক্ষিন ভারতনগর, নেতাজী সুভাষ বাইলেন, ওয়ার্ড নং - ২৪, পোঃ শিলিগুড়ি টাউন, থানা - শিলিগুড়ি, জেলা - দার্জিলিং, এই মর্মে আপনাকে জানাইতেছি যে, আমি একজন অসহায় বিধবা বৃদ্ধা মহিলা। আমার স্বামী কর্মরত অবস্থাতেই ঋণ করে উপরিলিখিত ঠিকানায় একটি বাড়ি তৈরী শুরু করে ২০০৯ সালে মারা যান, তার মৃত্যুর পর আমি আমার এক পুত্র এবং দুই কন্যাকে নিয়ে খুবই কষ্টে দিন যাপন শুরু করি, ঐ সময় তার মৃত্যুর কারনে রেল থেকে যে পরিমান অর্থ পাই তার বেশির ভাগটাই আমি গৃহঋণ পরিশোধে ব্যায় করে ঋণ মুক্ত হই এবং আমার ছেলে শ্রী রাকেশ মন্ডল তার বাবার স্থানে চাকরির জন্য আমি অনুমতি দিই এরপর আমার ছেলে ২০১৩ সালে নিজে পছন্দ করে বিয়ে করে এবং তার স্ত্রী বনিতা মন্ডল (সার্কী) কে আমার বাড়িতে নিয়ে আসে। আমি কখনই তাদের স্বাধীন জীবন যাত্রায় হস্তক্ষেপ করিনি। যেহেতু, আমি স্বামীর মৃত্যুর কারনে পেনশন পেতাম তাই দিয়েই মেয়েদের নিয়ে সংসার চালিয়ে এসেছি। আমার ছেলে কখনই কোনরূপভাবে আমাকে কোনদিন কোন অর্থ সাহায্য করে নাই। প্রকাশ থাকে যে, আমার বড় মেয়ে রুবী মন্ডল (সরকার) এর সঙ্গে হায়দরপাড়া, শরৎ চন্দ্র পল্লী, থানা - ভক্তিনগর, জেলা - জলপাইগুড়ি, শিলিগুড়ি ২০০৭ সনে শ্রী ভাষ্কর সরকার এর সাথে বিয়ে হয় এবং ২০১১ সালে তাদের একটি মেয়ে হয়, আমার উক্ত বড় জামাই ব্যবসার অজুহাতে ২০১৫ সালে আসামে চলে যায় এবং আমার মেয়ের সঙ্গে সমস্ত রকম সম্পর্ক ছিন্ন করে এবং মেয়ে হওয়ার কারনে সে তাদের সবরকম দায়িত্ব নিতে অস্বীকার করে, বাধ্য হয়ে আমার মেয়ে তার মেয়েকে নিয়ে আমার বাড়িতে চলে আসে এই প্রসঙ্গে প্রকাশ থাকে যে, আমার স্বামীর উত্তরাধিকার সূত্রে বলাই দাস চ্যাটার্জী রোড, হাকিমপাড়া (পালপাড়া), ওয়ার্ড নং - ১৬, থানা - শিলিগুড়ি, জেলা - দার্জিলিং আমার অনুমতি নিয়ে বসবাস শুরু করে। এইদিকে আমার ছেলের বউ বনিতা মন্ডল (সার্কী) প্রতিনিয়ত আমার ওপর শারিরীক এবং মানসিক অত্যাচার শুরু করে এবং

Rina Mandal

অপর পৃষ্ঠায়..........২

বলে যে, আমার নামে "বুড়ি তুই যদি বাড়ি-ঘর আমার নামে না লিখে দিস তাহলে তোর কপালে দুঃখ আছে" এরপর গত বৎসর লকডাউনের মধ্যে আমাকে মারধোর করে ও দোতলার সিড়ি থেকে ধাক্কা দিয়ে ফেলে দেওয়ার চেষ্টা করে। আমি পাড়া প্রতিবেশিদের জানালে তারা পরিস্থিতি স্বাভাবিক হলে বিষয়টি নিয়ে থানাতে জানাতে বলে। আমি সেই সময় নিজের নিরাপত্তার কথা ভেবে আমার বড় মেয়েকে শ্রীমতী রুবী সরকার-কে আমার কাছে নিয়ে আসি, এতে আমার বৌমা আরো ক্ষিপ্ত হয়ে ওঠে এবং যেকোন অজুহাতেই আমার ও আমার মেয়েকে ও আমার ছোট নাতনীকেও সে নানা অজুহাতে মারধোর করতে থাকে এবং বলে যে, তোরা এই বাড়ি থেকে চলে যা, এটা আমার বাড়ি, প্রকাশ থাকে যে, আমার ছেলে কাজের সূত্রে যেহেতু বেশির ভাগ সময়ই বাইরে থাকে তাই সে তার স্ত্রীর ঐ জাতীয় কাজের কোনরূপ বিরোধিতা করতে চায় না আরো প্রকাশ থাকে যে, আমার ছেলে বিয়ের পর থেকেই তার স্ত্রীকে নিয়ে আলাদাভাবেই সংসার চালায়।

গত দুদিন ধরে আমার বৌমার অত্যাচারের মাত্রা বেড়ে যায় তার কারন সম্পর্কে আমরা শুনতে পারি যে, আমার ছেলের ইতিমধ্যে আলিপুরদুয়ারে ট্রান্সফার হয়ে গেছে এবং সেখানে সে কোয়াটারও পেয়েছে, কিন্তু সেখানে যাবার আগে তারা আমাকে ও আমার মেয়েকে এই বাড়ি থেকে তারাবার জন্য নানারকমভাবে তাদের স্বার্থসিদ্ধির জন্য চেষ্টা চালাচ্ছে তারি ফলশ্রুতিতে গতকাল ০৪-০৬-২০২১, সকাল ১০-৪৫ মিনিটে আমি স্নান করে ছাদে জামা-কাপড় সুকাতে দিতে গেলে আমার বৌমা আমার পিছন পিছন ছাদে উঠে এসে আমাকে বলে যে, বুড়ি তোকে তিনদিন সময় দিলাম এর মধ্যে যদি তুই ব্যবস্থা না করিস তাহলে তোকে এমনভাবে মারব আর সবাই জানবে যে তুই কোরোনাতেই মরে গেছিস। পুলিশ বা পাড়ার লোকও তোকে দেখতে আসবে না আমি ভয় পেয়ে আমার মেয়েকে চিৎকার করে ডাকলে সে ছুটে আসে আমার বৌমা তখন আমার মেয়ে রুবী কে যথেষ্টভাবে কিল, চড় এবং খামচি দিয়ে হুমকি দেয় তোরা যদি এই বাড়ি ছেড়ে না যাস তাহলে তোদেরকে মিথ্যা মামলাতে বধূ নির্যাতনের কেশ দিয়ে জেলে ঢোকাবো এই বলে সে দৌড়ে বাড়ি থেকে বেরিয়ে যায়, আমার মেয়ের এরপর তার শারিরীক অবস্থার অবনতি হলে শিলিগুড়ি হাসপাতালে চিকিৎসার জন্য যায় সেখান থেকে ডাক্তার বাবুরা বিষয়টিকে থানাতে অভিযোগ দায়ের করতে বলেন।

Rina Mondal

অপর পৃষ্ঠায়..........৩

মহাশয়, আমি একজন অসহায় অসুস্থ বিধবা মহিলা কোন উপায় না থাকাতে আমার জীবন এবং সম্পত্তি রক্ষার জন্য আপনাদের নিকট দ্বারস্থ হলাম, আপনারা আমার পুত্রবধূ শ্রীমতী বনিতা মন্ডল (সার্কী), স্বামী রাকেশ মন্ডল এর বিরুদ্ধে অবিলম্বে আইনানুগ ব্যবস্থা গ্রহন করে বাধিত করিবেন।

ধন্যবাদান্তে,

Received on 06/6/2021 at 14.20 hrs vide SLG PS GDE No. 371 Dt. 06/6/21 Started Siliguri PS 552/21 dt. 06/6/21 u/s 341/323/506 IPC r/w sec 24 of Maintenance & Welfare of Parents and Sr. Citizen Act and endorsed to ASI Samir Kr. Mandal of Siliguri PS for its investigation.

[signature] 06/6/2021
Inspector-In-Charge
Siliguri Police Station
Siliguri Police Commissionerate

নিবেদন ইতি -

Rina Mandal

( রীনা মন্ডল )
দক্ষিন ভারতনগর
নেতাজী সুভাষ বাইলেন
ওয়ার্ড নং - ২৪
পোঃ শিলিগুড়ি টাউন
থানা - শিলিগুড়ি
জেলা - দার্জিলিং
মোবাইল নং - ৯৮৫১৯৯৯৬৯০

প্রতিলিপি দেওয়া হলঃ -

Medical Report, Siliguri District Hospital, dated 04-06-2021.